**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর**
গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

নম্বর: ৫৭.২৫.০০০.০০০.০০১.৫০.০০১.২৬-২৯১

তারিখ: ২৫ আগস্ট ২০২৬

# জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

**বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কার্যাবলী সংক্রান্ত অপপ্রচার, বিভ্রান্তিকর তথ্য পরিবেশন এবং চাকরি বিধিমালা লঙ্ঘনের বিষয়ে সতর্কীকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে কতিপয় শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমে (যেমন: ফেসবুক, ইউটিউব, হোয়াটসঅ্যাপ ইত্যাদি) বিভিন্ন বিভ্রান্তিকর ভিডিও পোস্ট, কমেন্ট বা স্ট্যাটাস শেয়ার করে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন দাপ্তরিক কার্যাবলী, নীতি-নির্ধারণী সিদ্ধান্ত ও প্রশাসনিক কার্যক্রম নিয়ে ভিত্তিহীন, বানোয়াট, মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হচ্ছে। এ ধরণের অপপ্রচার অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন করার পাশাপাশি সাধারণ শিক্ষক-কর্মচারীর মধ্যে অহেতুক অসন্তোষ ও বিভ্রান্তি সৃষ্টি করছে, যা সম্পূর্ণ শৃঙ্খলা পরিপন্থী ও গুরুতর অসদাচারণ।

০২। অতএব, সংশ্লিষ্ট সকলকে সামাজিক যোগাযোগ মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কার্যাবলী বা সিদ্ধান্ত সংক্রান্ত বিষয়ে কোনো প্রকার ভিত্তিহীন, উসকানিমূলক ও বিভ্রান্তিকর পোস্ট, ভিডিও বা মন্তব্য করা থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫/০৮/২০২৬

**মোঃ শামিউল ইসলাম প্রামানিক**
**উপপরিচালক (প্রশাসন)**
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৪১০৩০১৬৩

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. জেলা প্রশাসক.........(সকল) [আওতাধীন প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করার অনুরোধসহ]।
২. জেলা শিক্ষা অফিসার...... (সকল) [আওতাধীন প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করার অনুরোধসহ]।
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [আওতাধীন প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করার অনুরোধসহ]।
৪. অধ্যক্ষ / সুপারিনটেনডেন্ট/এবতেদায়ী প্রধান (সকল সরকারি/এমপিওভুক্ত মাদ্রাসা) [নিজ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বিষয়টি অবহিত করার নির্দেশনাসহ]।
৫. সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।